

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৭৮

তারিখ: ৪ মাঘ ১৪৩০

১৮ জানুয়ারি ২০২৪

বিষয়: বিভিন্ন খাতে বিলি বিতরণ এবং বিএমআরইকরণ সম্পন্নকৃত কাজের যাচাই করার জন্য সড়ক পথে মোট ৭০০০ মে.টন গমের চলাচল সূচি (সূচি নং-৫৪)

সূত্র: ১। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো ১৫-০১-২০২৪ খ্রি. এর ১৩.১১.০০০০.১৮৩.৫০.০৪১.১১.৫৩ নং স্মারক  
২। ব্যবস্থাপকের কার্যালয়, তেজগাঁও সিএসডি ১০-০১-২০২৪ খ্রি. এর ১৩.০২.২৬৮৪.০০১.৩২.০১০.১৪.৫৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আশুগঞ্জ সাইলোতে বিএমআরইকরণ সম্পন্নকৃত কাজের যাচাই করার জন্য বিদেশী প্রকৌশলীগণ ২৪-০১-২০২৪ খ্রি. হতে ৩১-০১-২০২৪ খ্রি. পর্যন্ত সাইলোতে অবস্থান করবেন। বিএমআরইকরণ সম্পন্নকৃত কাজের যাচাই করার নিমিত্ত উক্ত সাইলোতে কমপক্ষে ৫০০০ মে.টন গম সড়ক পথে গ্রহণ এবং ২৫০০ মে.টন গম সড়ক পথে সরবরাহ করার চলাচল সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। এছাড়া তেজগাঁও সিএসডিতে ওএমএস, ময়দাকল এবং সেনা, নৌ ও বিমান বাহিনী, বাংলাদেশ পুলিশ, র‌্যাব, আনসারসহ প্রভৃতি বাহিনী তাদের রেশনের গম উত্তোলন করে থাকে। তেজগাঁও সিএসডিতে আপতকালীন মজুত গড়ার জন্য ৫০০০ মে.টন গমের চাহিদা সূত্রস্থ ২ নং স্মারকে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, ঢাকা জেলার তেজগাঁও সিএসডিতে বিভিন্ন খাতে বিলি বিতরণ এবং আশুগঞ্জ সাইলোতে বিএমআরইকরণ সম্পন্নকৃত কাজের যাচাই করার জন্য সাশ্রয়ী রুট বিবেচনায় সড়ক পথে মোট ৭০০০ (সাত হাজার) মে.টন গমের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচলসূচিঃ

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র    | প্রাপক জেলা      | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট     | মন্তব্য                           |
|---------|-------------|-------------------|------------------|----------------|----------------|------|---------|-----------------------------------|
| ১.      | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সাইলো | ঢাকা             | তেজগাঁও সিএসডি | ২০০০           | গম   | সড়ক পথ | আখানি, ঢাকা উপসূচি জারি করবেন     |
| ২.      | চট্টগ্রাম   | চট্টগ্রাম সাইলো   | ব্রাহ্মণবাড়িয়া | আশুগঞ্জ সাইলো  | ৫০০০           | ঐ    | ঐ       | চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন |
|         |             |                   |                  | মোট =          | ৭০০০           |      |         |                                   |

নির্দেশনাসমূহ:

১। খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুযায়ী খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম সম্পাদন করতে

হবে।

২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, চট্টগ্রাম সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন এবং ওয়ারেন্ট অনুযায়ী গম পরিবহণ করবেন।

৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।

৪। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন।

৫। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না।

৭। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে।


৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) দাপ্তরিক ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।

১০। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এই সূচি অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।

১১। সূচির মেয়াদ ২৪-০১-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২০-১-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া  
উপপরিচালক

প্রাপক :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ঢাকা
- ২) সাইলো অধীক্ষক, নারায়নগঞ্জ/চট্টগ্রাম
- ৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও  
সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক,  
চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.৭৮/১(৮)

তারিখ: ৪ মাঘ ১৪৩০  
১৮ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের  
অনুরোধ করা হলো)
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .....
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয়  
অবগতির জন্য)
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি



২০-১-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া  
উপপরিচালক